



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড বরিশাল

www.barisalboard.gov.bd

স্মারক নং- বশিবো/ কলেজ/ অনুঃ/২০১৫/ ৬৭৭

তারিখ: ২২/২/১৫

বিষয় : পাবলিক পরীক্ষায় অংশগ্রহণেচ্ছ শিক্ষার্থীদের শিক্ষার গুণগত মান নিশ্চিতকরণের লক্ষ্যে গৃহিত পদক্ষেপ প্রসংগে

উপর্যুক্ত বিষয়ের আলোকে এ বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের ১৪/০৯/২০১৫ তারিখের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ২০১৫ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় তাঁর প্রতিষ্ঠানের ফলাফল বিপর্যয় ঘটেছে। যা কখনও কাম্য নয়। এ প্রসংগে গত ১৩/০৮/২০১৫ তারিখের বশিবো/ কলেজ/অনুঃ/২০১৫/৫০৯ স্মারকে প্রেরিত পত্রের যে, জবাব দাখিল করেছেন তা যথার্থ নয়। তবে তিনি যে অঙ্গীকার ব্যক্ত করেছেন তা পুরোপুরি বাস্তবায়নের লক্ষ্যে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করার জন্য বলা হলো।

- ০১) ৩০০/- (তিনশত) টাকার নন জুডিশিয়াল স্টাম্প এ মর্মে লিখিত দিতে হবে যে, ভবিষ্যতে ফলাফলে এরূপ বিপর্যয় আর ঘটবে না।
- ০২) প্রতি শিক্ষাবর্ষে প্রতি বিষয়ে ন্যূনতম ২৫ (পঁচিশ) জন করে শিক্ষার্থী ভর্তি ও ৭৫% পরীক্ষায় অংশগ্রহণ এবং এর ৫০% পাস করতে হবে।
- ০৩) টিউটোরিয়াল ক্লাস ও পরীক্ষার ব্যবস্থা করতে হবে এবং এর লিখিত রেকর্ডপত্র সংরক্ষণ করতে হবে
- ০৪) সহপাঠক্রমিক কার্যক্রম এর ব্যবস্থা থাকতে হবে।
- ০৫) শিক্ষক নিয়োগের ক্ষেত্রে NTRCA আইন- ২০০৫ অনুসরণসহ ২০% মহিলা কোটা পূরণ করতে হবে। নিয়োগকৃত শিক্ষকদের সকল কাগজপত্র বোর্ডে প্রেরণ করতে হবে।
- ০৬) বর্তমান তথ্য প্রযুক্তির যুগে অন লাইনে দাপ্তরিক কার্যাবলী সম্পন্ন করতে হবে।

২২-০২-২০১৫  
ড. মোঃ লিয়াকত হোসেন (৯৫১১)  
কলেজ পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড  
বরিশাল  
টেলিফোন- ০৪৩১-৬৪৭৪৫  
ই-মেইল: drliaquat@gmail.com

অধ্যক্ষ  
নাছিমা কেরামত আলী মহিলা কলেজ  
ডাকঘর: দুমকি  
উপজেলা: দুমকি, জেলা: পটুয়াখালী